আলমডাঙ্গার সরকারি জমি দখল করে বাড়ি নির্মাণে, অনিশ্চিয়তায় রাস্তা

আলমডাঙ্গার জোরগাছা গ্রামে সরকারি রাস্তার জমি দখল করে বাড়ি-ঘর নির্মাণের অভিযোগ উঠেছে। টেন্ডারের পাঁকা রাস্তা নির্মাণকে কেন্দ্র করে দুই পক্ষের মধ্যে উত্তেজনা বিরাজ করছে। রাস্তার জমি না দিতে মরিয়া দু,টি পক্ষ। স্থানীয়রা উপজেলা নির্বাহী অফিসার বরাবর স্বারক লিপি দিয়েও মিলছে না সুরাহ।

স্থানীয় সূত্র জানায়, আলমডাঙ্গা উপজেলার নাগদাহ ইউনিয়নের জোরগাছা গ্রামের ওয়ার্ড বিএনপির সভাপতি গোলাম সরোয়ার, একই গ্রামের সফি উদ্দিন সরকারি রাস্তার জমি দখল করে বাড়ি-ঘর নির্মাণ করে।

ওই রাস্তার মোট জমির প্রস্ত ২৪ ফিট। যা সম্পূর্ণ সড়ক ও জনপথ এলজিইডির আওতাধীন। বিগত রাস্তাটি হেরিং হওয়ার সুযোগে গোলাম সরোয়ার ও সফি উদ্দিন ঘর নির্মাণ করে।

বর্তমানে রাস্তাটি জনসাধারণের যাতায়াতের জন্য ১২ মিটার পাকা করণের কাজ শুরু হয়। এতে বিপত্তি সৃষ্টি হয় এলাকাবাসী।

রাস্তার মোট ২৪ ফিট জায়গার মধ্যে গোলাম সরেয়ারের বাড়ি-ঘরে দখল করেছে ৫ ফিট ও সফির ঘরের মধ্যে ৩ ফিট জায়গা রয়েছে। অবশিষ্ট জমি রাস্তার থাকলেও তা সড়ক নির্মাণের জন্য বাঁধা প্রদান করে আসছে। এতে রাস্তা নির্মাণ কাজের ব্যাঘাত পোহাত হচ্ছে ঠিকাদারি প্রতিষ্ঠানকে।

দফায় দফায় স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত হয়ে বিষয়টি মিমাংসার চেষ্টা করে। সুরাহ না মেলায় এলাকাবাসীর গণসাক্ষরিত অভিযোগ করেছে উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুরের নিকট। উপজেলা নির্বাহী অফিসার কোন পদক্ষেপ না নেওয়ায় এলাকাজুড়ে ব্যাপক উত্তেজনা বিরাজ করছে। এই রাস্তা নির্মাণকে কেন্দ্র করে ঘটতে পারে সাংঘর্ষিক ঘটনা।

আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুর জানান, সরকারি

রাস্তার জমি দখলের অভিযোগে স্থানীয়রা লিখিত অভিযোগ করেছে।

তিনি আরো জানান, সরকারি জমি দখলের কোন সুযোগ নেই। জমি যদি দখল করে থাকে তাহলে তাদের অবশ্যই দখলকৃত জমি ছেড়ে দিতে হবে।

চুয়াডাঙ্গায় জাতীয় যুব দিবস পালিত

প্রশিক্ষিত যুব, উন্নত দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ এই প্রতিপাদ্য কে সামনে নিয়ে চুয়াডাঙ্গায় পালিত হয়েছে জাতীয় যুব দিবস ২০২২ পালন করা হয়েছে।

জাতীয় যুব দিবস উপলক্ষে চুয়াডাঙ্গা যুব উন্নয়ন অধিদপ্তরে সকাল সাড়ে দশটার সময় এই দিবস উপলক্ষে যুব র্যালি আলোচনা সভা যুব ঋণের চেক বিতরণ করা হয়েছে।

চুয়াডাঙ্গা যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক মাসুদ আহমেদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

চুয়াডাঙ্গা জাতীয় যুব দিবস উপলক্ষে প্রধান অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান বলেন, ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ উন্নত দেশে পরিণত হবে আর এই আগ্রযাএার প্রধান কান্ডি এই যুব সমাজ। যুব সমাজ একটি দেশের প্রাণশক্তি। তরুণরাই দেশকে উন্নত অবস্থানে নিয়ে যেতে পারে। মাদক ও জঙ্গিবাদ যেন যুবসমাজকে বিপথগামী না সেদিকে নজর দেওয়ার জন্য বিশেষ ভাবে লক্ষ রাখতে হবে।

তিনি আরও বলেন, যুব উন্নয়ন অধিদপ্তর বিভিন্ন ট্রেডে যুবক ও যুব মহিলাদের প্রশিক্ষণ দেয়। সময়ের সঙ্গে প্রশিক্ষণে প্রোগ্রামিং ও ফ্রিল্যান্সিংয়ের মতো আধুনিক বিষয় যুক্ত হয়েছে।

জাতীয় যুব দিবসে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার আবু তারেক, চুয়াডাঙ্গা কারিগরি প্রশিক্ষণ

কেন্দ্রের অধ্যক্ষ মোছাব্বেরুর জামান, চুয়াডাঙ্গা এনএসআই ডিডি জামিল সিদ্দিক, চুয়াডাঙ্গা জেলা প্রশাসক কার্যালয়ের নেজারত ডেপুটি কালেক্টর শেখ সাদাত হোসেন, চুয়াডাঙ্গা প্রেস ক্লাবের সভাপতি সরদার আল আমিন সহ যুব উন্নয়ন অধিদপ্তরে কর্মকর্তা এবং বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণার্থী উপস্থিত ছিলেন।

আলোচনা সভা শেষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও চুয়াডাঙ্গায় জাতীয় যুব দিবসের প্রধান অতিথি মোহাম্মদ আমিনুল ইসলাম খান বিভিন্ন ট্রেডের ছাএ-ছাএীদের মাঝে যুব ঋণের চেক বিতরণ করেন।

দামুড়হুদায় কৃষকের এক বিঘা জমির পেঁপে গাছ কেটে দিয়েছে দুর্বৃত্তরা

দামুড়হুদা উপজেলার পুরাতন হাউলী গ্রামের মাঠে রাতের আধারে কৃষকের ধরন্ত, ফলন্ত পেঁপে গাছ কেটে দিয়েছে দূর্বৃত্তরা। রবিবার দিনগত রাতে এ ঘটনা ঘটেছে বলে ধারণা করা হচ্ছে। এবিষয়ে ভুক্তভোগী থানায় অভিযোগ দায়ের করেন।

অভিযোগ সুত্রে জানাগেছে, দামুড়হুদা উপজেলার পুরাতন হাউলী গ্রামের কৃষক আব্দুর রহিম (৪৫) এর ১বিঘা জমির ধরন্ত, ফলন্ত পেঁপে গাছ রবিবার দিনগত গভীর রাতে কেটে দিয়েছে দূর্বৃত্তরা। সোমবার সকালে পুরাতন হাউলী গ্রামের মৃত আবু শামার ছেলে কৃষক আব্দুর রহিম পেঁপের খেত দেখতে গিয়ে তার জমির পেঁপে গাছ গুলো কাটা অবস্থায় পড়ে থাকতে দেখে দিশেহারা হয়ে পড়ে।

এসময় সে স্থানীয় ও মাঠের অন্যান্য কৃষকদের ডেকে জানতে চেষ্টা করে কিভাবে এ ঘটনা ঘটলো। তবে এ বিষয়ে স্থানীয় ও কৃষকরা কেউ কিছু বলতে পারেনি। তারা এবং খেত মালিক ধারণা করছে গভীর রাতের আধারে এই ঘৃণিত কাজ দূর্বৃত্তরা করেছে। এবিষয়ে ভুক্তভোগী বাদী হয়ে গতকাল দামুড়হুদা মডেল থানায় অজ্ঞাত নামা ব্যক্তিদের বিরুদ্ধে একটি অভিযোগ দায়ের করেন।

কৃষক আব্দুর রহিম বলেন, এর আগেও আমার কে বা করা ৩ বার ফসল কেটে দিয়ে ক্ষতি করেছে। এবার দিয়ে ৪ বার আমার ফসল কেটে ক্ষতি করলো। এর আগে আমার শিমের বাগানের সবগাছ কেটে দিয়েছিল দুর্বৃত্তরা। এবার আমার প্রায় লক্ষাধীক টাকার ক্ষতি হয়েছে। এভাবেই একজন কৃষকের স্বপ্ন ভাঙছে দুর্বৃত্তরা। আমি এসব চাষ আবাদ আর করবো না। যতক্ষণ পর্যন্ত এই সকল ঘৃণিত ব্যক্তিরা আইনের আওতায় না আসে, ততদিন পর্যন্ত আমি চাষ আবাদ করব না। এ ধরণের ঘৃণিত কাজ যারা করেছে তাদের (অজ্ঞাত নামা) বিরুদ্ধে থানায় একটি অভিযোগ দায়ের করেছি।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ বলেন, এবিষয়ে একজন অভিযোগ করতে এসেছিল, অভিযোগ পেয়েছি, সরজমিনে তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহণ করা হবে।

গড়াইটুপিতে শত বছরের পুরনো ঐতিহ্যবাহী শ্রী কাত্যায়নী পূজা

কার্তিক বা কত্যায়নী পূজা হিন্দু বাঙালিদের একটি জনপ্রিয় ধর্মীয় উৎসব। এ উৎসব কে ঘিরে চুয়াডাঙ্গায় এবারও পুরনো রীতি অনুসারে শত বছরের ঐতিহ্যবাহী কত্যায়নী পূজা উৎসব মুখর জাঁকজমকপূর্ণ পরিবেশের মধ্যে দিয়ে কলাগাছি গ্রামে অনুষ্ঠিত হয়েছে।

ইতিমধ্যেই পূর্জার সকল কাজ সম্পুর্ন শেষে আজ ৩০ অক্টোবর মহাষষ্ঠীর মধ্য দিয়ে আরম্ভ হয়েছে এ পূর্জার আনুষ্ঠানিকতা। ৫ দিনের এ উৎসব আগামী ৩ নভেম্বর দশমী বিসর্জনের মধ্যে দিয়ে শেষ হবে।

রবিবার(৩০ অক্টোবর) হিন্দু সম্প্রদায়ের পুরনো রীতি অনুসারে অতীতের মতো প্রতিবছরের ন্যায় জেলার দর্শনা থানার গড়াইটুপি ইউনিয়নের কলাগাছি গ্রামের দু’টি মন্দিরে অনুষ্ঠিত হয়েছে এ ঐতিহ্যবাহী শ্রী শ্রী কাত্যায়নী পূজা বা কার্তিক পূজার এ উৎসটি।

হিন্দু সম্প্রদায়ের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব শারদীয় দুর্গা উৎসব।এ দূর্গা উৎসবের ঠিক একমাস পরই কলাগাছির হিন্দু সম্প্রদায়ের মধ্যে কার্তিকী বা কাত্যায়নী পূজাটি উদযাপন করে থাকেন। এ পূজাকে ঘিরে কলাগাছির হিন্দু সম্প্রদায়ের মধ্যে বিরাজ করছে উৎসবের আমেজ।

পূর্জা প্রাঙ্গণে গিয়ে দেখা যায়, ইতিমধ্যেই পাবনা থেকে আগত প্রতিমা শিল্পী শ্রী জিতেন চন্দ্র’র নিখুঁত হাতে খড়,বাঁশ,কাঁঠ, বেলে ও এটেল মাটি দিয়ে তৈরি করেছেন স্বরস্বতী, কার্তিক,লক্ষী,সিংহ, গণেশ, অসুর, মহিষ, হাতি,পদ্মফুল প্রভৃতি প্রতিমাগুলো। প্রতিমা গুলোর শুকানোর পর প্রতিমা শিল্পীর নিখুঁত হাতের ছোঁয়া আর রঙ তুলির আঁচড়ে ফুটে উঠেছেন সকল প্রতিমা গুলো। দেখে মনে হয় প্রতিমা শিল্পী তার হাতের জাদুকরী ছোঁয়াতে রূপ দান করেছেন আপন মনে। ফুটিয়ে তুলেছেন জীবন্ত রূপ। মূলতঃ হিন্দু সম্প্রদায়ের উৎসব হলেও মন্দির প্রাঙ্গণে প্রতিমা গুলো দেখতে সনাতন ধর্মাবলম্বীর পাশাপাশি পথচারী সহ এলাকার শিশু - কিশোররাও ছুটে যাচ্ছেন দেখতে।

পূজা উদযাপন কমিটির পক্ষ থেকে জানা গেছে, কার্তিক পূজা বাঙালি হিন্দু সম্প্রদায়ের একটি জনপ্রিয় উৎসব। কার্তিক শিব ও দুর্গার সন্তান।তিনিই হিন্দুদের যুদ্ধ দেবতা। এ পূজাটি ভারতের পশ্চিমবঙ্গ অঞ্চলে জনপ্রিয় ও প্রসিদ্ধ। কার্ত্তিক পূজার মাধ্যমে দম্পতিরা তাদের সন্তান-সন্ততি প্রার্থনা করে থাকেন।

তিনি আরো বলেন, গত দুইটি বছর মহামারি করেনা সংক্রমণ প্রতিরোধ সল্প পরিসরে এ পূজা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছিলো এখানে। গত দুইটি বছরের আনন্দ পুষিয়ে নিতে এ বছরের অত্যন্ত জাঁকজমকপূর্ণ আর বাহারি আলোকসজ্জায় পূজা প্রাঙ্গণের গেইট ও ডেকোরেশনে সাজানো হয়েছে। মায়ের মন্দির ও প্রবেশের দার পথেও রয়েছেন বিভিন্ন রঙের আলোকবাতি। রোববার মহাষ্টমীর মধ্যে দিয়ে শুরু হয়়েছে এ পূর্জা উৎসব আগামী ৩ নভেম্বর বিজয়ী দশমিক মধ্য দিয়ে শেষ হবে। কার্ত্তিক দেবতাদের সেনাপতি।তিনি অসীম শক্তিধর দেবতা।সেজন্য তাকে রক্ষাকর্তা হিসেবে আমার প্রতিবছরের মতো এবারও ইউনিয়নটির কলাগাছি গ্রােমে এ পূজার আয়োজন করেছি।

এ বিষয়ে গড়াইটুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোহাঃ শফিকুর রহমান রাজু’র সাথে মুঠোফোনে কথা বললে তিনি বলেন,ইউনিয়নের কলাগাছি গ্রামটি খুবই সীমিত মানুষ নিয়ে গঠিত একটি গ্রাম। পুরোনো রীতি অনুসারে এখানে প্রতি বছরের এ দিনটিকে বসবাসরত হিন্দু সম্প্রদায়ের

জনগোষ্ঠীর শত বছরেরে পুরনো এ কার্তিক পূজার আয়োজনে করে জাঁকজমকপূর্ণ ভাবে পালন করে আসছেন।

আলমডাঙ্গায় ৩শ ৯২ পিস এ্যাম্পুল বুপেনরফাইন ইনজেকশনসহ আটক-২

আলমডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতর অভিযান চালিয়ে ৩শত ৯২ পিস এ্যাম্পুল বুপেনরফাইন ইনজেকশনসহ ২ জনকে আটক করেছে। রবিবার (৩০ অক্টোবর) দিবাগত রাতে তাদের নিজ বাড়িতে অভিযান চালিয়ে এ মাদকদ্রব্য গুলো উদ্ধার করা হয়।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতর জানান, আলমডাঙ্গা পৌর এলাকার গোবিন্দপুর মন্ডলপাড়ার মৃত আক্কাস আলীর ছেলে মুরাদ আলী (৩৬), সাহাবুল হকের ছেলে জিবন (২০)।

তারা পৌর এলাকার গোবিন্দপুর মন্ডলপাড়ার বাসিন্দা। দীর্ঘদিন গোপনে মাদকদ্রব্য এ্যাম্পুল বুপেনরফাইন ইনজেকশন বিক্রি করে আসছে। এমন সংবাদের ভিত্তিতে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতর অভিযান পরিচালনা করেন।

এসময় মুরাদ আলীর বাড়ি থেকে ৩ শত ৯২ পিস এ্যাম্পুল বুপেনরফাইন ইনজেকশন উদ্ধার করে। মাদক বিক্রির সহযোগিতায় সহযোগী জিবনকে আটক করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতর। এ ঘটনায় আলমডাঙ্গা থানায় মামলা দায়ের করা হয়েছে।

কোটচাঁদপুর দেড়শ গ্রাম হিরোইন সহ স্বামী – স্ত্রী আটক

দেড়শ গ্রাম হিরোইন সহ স্বামী – স্ত্রীকে আটক করেছেন কোটচাঁদপুর থানা পুলিশ। শনিবার ভোর রাতে তাদেরকে উপজেলার ফুলবাড়ি গ্রাম থেকে আটক করেন।

সংশ্লিষ্ট সুত্র জানা যায়,কোটচাঁদপুর থানা পুলিশ গোপন সংবাদে জানতে পারেন উপজেলার ফুলবাড়ি গ্রামের শফিকুর রহমানের বাড়িতে হিরোইন বিক্রি হচ্ছে।

এ সংবাদের ভিত্তিতে কোটচাঁদপুর থানার পুলিশ পরিদর্শক (ওসি তদন্ত) জগন্নাথ চন্দ্র, ও উপপরিদর্শক জাহিদ হোসেন,নাজিবুল হক ও সঙ্গীয় পুলিশ সদস্যসহ অভিযান চালান।

এ সময় আটক করেন বাড়ি মালিকের স্ত্রী সালেহা বেগম(৪৫)কে। উদ্ধার করেন দেড়শ গ্রাম হিরোইন। যার আনুমানিক মূল্য ১০ লাখ টাকা।

এরপর তাঁর স্বীকারোক্তি অনুযায়ী কোটচাঁদপুরের গাবতলা থেকে আটক করা হয় স্বামী শফিকুর রহমান লাবলু(৫৫)কে। লাবলু ফুলবাড়ি গ্রামের মৃত সিদ্দিকুর রহমানের ছেলে।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) নাজিবুল হক বলেন, হিরোইনসহ দুই জনকে আদালতে পাঠানো হয়েছে। তাদের কাছ থেকে দেড়শ গ্রাম হিরোইন পাওয়া গেছে। যার মূল্য ১০ লাখ টাকা। থানায় এ সংক্রান্ত মামলা হয়েছে। যার নাম্বার ১০,তারিখ -২৯-১০-২২।

দর্শনায় কমিউনিটি পুলিশিং ডে

উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা

কমিউনিটি পুলিশিং এর মৃলমন্ত্র,শান্তি শৃঙ্খলা সর্বত্র এ স্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গার দর্শনা থানার উদ্দ্যেগে পুলিশিং ডে ও বর্ণাঢ্য র্যালি আলোচনা সভা পালিত হয়েছে।

আজ শনিবার সকাল ১০ টায় দর্শনা থানা চত্বরে কমিউনিটি পুলিশিং সমন্বয় কমিটির উদ্দ্যেগে র্যালি ও আলোচনা সভা পালিত হয়।

দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইচএম লুৎফুল কবীরের সভাপতিত্বে প্রাধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্যে রাখেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবু।

তিনি বক্তব্যে বলেন, আমার উপজেলার ভিতরে ২টা থানা প্রত্যক মাসিক মিটিংয়ে আইনশৃঙ্খলা নিয়ে মিটিং হয়। এ মিটিংয়ে আমি বার,বার বলি মাদক আমাদের সমাজের একটি মরন ব্যাধি। মাদক না কমাতে পারলে আগামী প্রজন্ম ধংস হয়ে যাবে।তাই আসুন আমরা সম্বলিত ভাবে মাদক নিমৃল করি। মাদক যারা সেবন করে তারা তার পরিবার ধংস হচ্ছে নষ্ট হচ্ছে সমাজ,নষ্ট হচ্ছে যুব সমাজ। তাই চলো যাই যুদ্ধে মাদকের বিরুদ্বে।

এ সময় তিনি আরও বলেন বর্তমান সরকার বাল্য বিবাহ ও ইফটিজিংয়ের বিরুদ্ধে সোচ্ছার, এ সরকার গরীব দুঃখী মা বোনদের জন্য মাতৃগর্ভ ভাতা দিচ্ছে যাতে করে গরীব-অসহায় মানুষ একটু ভালোমন্দ খেয়ে পুষ্ট বাচ্ছা জন্ম দিতে পারে। পরিশেষে তিনি বলেন এ সরকারের উন্নয়ন দেখে জামাত বিএনপি আবারো ষড়যন্ত্রে লিপ্ত হচ্ছে। এদের দাঁত ভাঙ্গা জবাব দিতে হবে।

দর্শনা থানার সেকেন্ড অফিসার এস,আই আহম্মদ আলী বিশ্বাসের সঞ্চালনায় অনুষ্টানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সদর বেগমপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলী হোসেন জোয়াদ্দার, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দীন, দামুড়হুদা সার্কেল ইন্সপেক্টর মারুফ হোসেন, দর্শনা থানার ইন্সপেক্টর (তদন্ত) এস,এম আমান উল্লাহ আমান, ইন্সপেক্টর (অপারেশন) নিখিল চন্দ্র অধিকারী, ১নং ওয়ার্ডের পুলিশিং কমিটির

সভাপতি জয়নাল আবেদিন নফে, ৪নং ওয়ার্ডের ভারপ্রাপ্ত সভাপতি শেখ আসলাম আলী তোতা, ২নং ওয়ার্ডের সাধারন সম্পাদক আব্দুল হাকিম, ৬নং ওয়ার্ডের সদস্য সচিব সোলায়মান কবীর, ৯ নং ওয়ার্ডের সভাপতি সরোয়ার হোসেন, চুয়াডাঙ্গা সদর বেগমপুর ইউপি সদস্য কাসেম আলী, প্রেসক্লাবের সাবেক সভাপতি হানিয় মন্ডল, যুবলীগ নেতা মামুন শাহ, দর্শনা কলেজ ছাত্রলীগের সভাপতি নাহিদ পারভেজ, আশরাফুল আলম, অপু সরকার, প্রমুখ।

কার্পাসডাঙ্গায় ৩৫ বোতল ফেনসিডিলসহ ২ জন আটক

দামুড়হুদা পুলিশের মাদক বিরোধী অভিযানে ৩৫ বোতল ফেনসিডিলসহ আহসান হাবিব ও আব্দুল মান্নান নামে দুই জনকে আটক করেছে পুলিশ।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ এর দিক নির্দেশনায় আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ৭টার দিকে কার্পাসডাঙ্গা গ্রামস্থ ডন ইট ভাটার সামনের পাকা রাস্তা থেকে তাদেরকে গ্রেফতার করা হয়।

কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের ইনচার্জ এস আই আতিকুর রহমান জুয়েল এর নেতৃত্বে এএসআই মসলেম উদ্দিন, এএসআই জাহিদুল ইসলাম সহ গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় পুলিশ ফোর্স নিয়ে কার্পাসডাঙ্গা গ্রামস্থ ডন ইট ভাটা এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন অভিযান পরিচালনা করে ৩৫ বোতল ফেনসিডিল সহ দুইজনকে গ্রেফতার করেন।

গ্রেফতারকৃতরা হলেন দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের কানাইডাঙ্গা গ্রামের জামাত আলীর ছেলে আহসান হাবিব (৩০) ও একই গ্রামের আলী আহম্মেদের ছেলে আব্দুল মান্নান (৩৫)কে আটক করে পুলিশ। আটককৃত আসামিদের কাছ থেকে ৩৫ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়। পরে আসামিদের দামুড়হুদা মডেল থানায় সোপর্দ করে। এবিষয়ে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা রুজু হয়েছে।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন, ফেনসিডিল সহ দুই জন আটক হয়েছে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে, আসামিদের বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছেl

চুয়াডাঙ্গায় বিভিন্ন আয়োজনের মধ্যে দিয়ে শিক্ষক দিবস পালিত

শিক্ষকের হাত ধরেই শিক্ষা ব্যবস্থার রুপান্তর শুরু’ এই প্রতিপাদ্য কে নিয়েই আজ বৃহস্পতিবার (২৭ অক্টোবর) বিভিন্ন আয়োজনের মধ্যে দিয়ে চুয়াডাঙ্গায় শিক্ষক দিবস পালন করা হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে সকাল দশটার সময় চুয়াডাঙ্গা সরকারি কলেজ চত্বর থেকে একটি র্যালি বাহির হয়ে চুয়াডাঙ্গা বড় বাজার হাসান চত্বর থেকে কবরী রোড হয়ে আবার কলেজে এসে র্যালিটি শেষ হয়।

চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান এঁর নেতৃত্বে র্যালিতে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম সাইফুর রশিদ, চুয়াডাঙ্গা সরকারি কলেজের উপাধ্যক্ষ প্রফেসর রেজাউল করিম, চুয়াডাঙ্গা সরকারি কলেজের শিক্ষক পরিষদের সম্পাদক মোঃ সফিকুল ইসলাম, চুয়াডাঙ্গা সরকারি আদর্শ মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর মোঃআজিজুর রহমান,চুয়াডাঙ্গা পৌর ডিগ্রি কলেজের অধ্যক্ষ সহ চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন সরকারি ও বে-সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকসহ সহকারী শিক্ষক বৃন্দ উক্ত র্যালিতে উপস্থিত ছিলেন।

এ সময় বক্তারা বলেন, শিক্ষাই জাতির মেরুদণ্ড আর শিক্ষকরা হচ্ছেন জাতি গড়ার কারিগর। শিক্ষকরা আদর্শ মানুষ এবং সমৃদ্ধ জাতি গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। এ সময় তারা আরও বলেন যেহতু শিক্ষক জাতি গঠনের কারিগর তাই সকল শিক্ষক কে নৈতিক চর্চা ও মানবিক কাজ বেশি অবদান রাখতে হবে এবং সকল শিক্ষার্থী যেন শুশিক্ষাই শিক্ষিত হতে পারে সেদিন বিশেষ ভালে লক্ষ রাখতে হবে।

আলমডাঙ্গায় ২০ কেজি ওজনের গাঁজার গাছসহ আটক ১

আলমডাঙ্গার ভোগাইল বগাদী গ্রাম থেকে ২০ কেজি ওজনের গাঁজার গাছ সহ শিপন মাহমুদ (২৮) কে আটক করেছে পুলিশ।

বুধবার (২৬ শে অক্টোবর) সকাল সাড়ে ১০ টার দিকে আলমডাঙ্গা থানা পুলিশ অভিযান চালিয়ে গাঁজার গাছটি উদ্ধার করে। এ ঘটনায় মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে।

পুলিশ সূত্রে জানাযায়, আলমডাঙ্গা উপজেলার ভাংবাড়িয়া ইউনিয়নের ভোগাইল বগাদী গ্রামের ফজলু হকের ছেলে শিলন মাহমুদ।

সে পেশায় একজন দিনমজুর। দীর্ঘদিন যাবৎ ভোগাইল বগাদী গ্রামের মাঠে পান বোরজের চাষ করে। দুর্গম মাঠ হওয়ায় পান বরজের পাশে গাঁজার চাষ করে। প্রায় ২০ কেজি ওজনের গাঁজার গাছটি আনুমানিক মূল্য ৮০ হাজার টাকা।

আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) সাইফুল ইসলাম জানান, গোপন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা থানা পুলিশ অভিযান চালিয়ে গাঁজার গাছ উদ্ধার করে। এসময় পান বোরজ থেকে গাঁজা চাষীকেও আটক করা হয়। তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।